

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৯৯.১৩-৮৯৩

তারিখঃ ১৭/১১/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।


সূত্র : টিএসসি/ছাতক/২০১৬-১৭/৩৩৫৯, তারিখ: ০৪/১০/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- ক) ৪৮১৭-টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট উপখাতে সংশ্লিষ্ট বিল পরিশোধ ছাড়াও মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের প্রস্তাব করা হয়েছে যা বিধি সম্মত নয়।
- খ) ৪৮৩১-বইপত্র সাময়িকী উপখাতে সংযুক্ত তালিকায় কোন কোনটিতে লেখক বা প্রকাশনীর নাম যুক্ত করা হয়নি।
- গ) ৪৮৩৪-খেলার সামগ্রী উপখাতে সংযুক্ত তালিকায় কোন কোনটিতে স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ঘ) ৪৮৫২-রাসায়নিক দ্রব্যাদি উপখাতে সংযুক্ত তালিকায় কোন কোনটিতে স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি এবং যন্ত্রপাতি/আনুষঙ্গিক মালামাল ক্রয়ের প্রস্তাব করা হয়েছে।
- ঙ) ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপখাতে কিছু কিছু যন্ত্রপাতি/সম্পদ এবং আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য প্রস্তাব করা হয়েছে।
- চ) ৪৮৮৮-কম্পিউটার সামগ্রী উপখাতে আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের প্রস্তাব করা হয়েছে।
- ছ) আর টি ও রেজিস্ট্রেশনের জন্য নির্দিষ্ট উপখাতে থাকা সত্ত্বেও ৪৮৯৯-অন্যান্য ব্যয় উপখাতে হতে ব্যয় নির্বাহের প্রস্তাব করা হয়েছে এবং আনুষঙ্গিক মালামালের তালিকা সংযুক্ত করা হয়নি।
- জ) ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপখাতের আওতায় মেরামত যোগ্য মালামাল/যন্ত্রপাতির তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ঝ) সম্পদ সংগ্রহ/ক্রয় উপখাতের আওতায় সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কোন কোনটিতে স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন উপরে বর্ণিত দফা ক) হতে ঝ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রয়পূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


১৭.১১.১৬
(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ
ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজ
সুনামগঞ্জ।

অনুলিপি :

১০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।